**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**জাতিসংঘ-৩ শাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা**
**www.erd.gov.bd**

**প্রেস বিজ্ঞপ্তি**

বাংলাদেশ সরকার এবং ইউএনএফপিএ এর মধ্যে তিনটি প্রকল্প চুক্তি স্বাক্ষর করা হয়েছে:

অদ্য ১৬ এপ্রিল, ২০২৩ খ্রি: বাংলাদেশ সরকার এবং জাতিসংঘ জনসংখ্যা তহবিল (UNFPA) এর মধ্যে তিনটি প্রকল্প চুক্তি স্বাক্ষর হয়েছে। প্রকল্প চুক্তির লক্ষ্য হলো: বাল্যবিবাহ বন্ধ করার জন্য পদক্ষেপ গ্রহণ করা, জনসংখ্যার গতিবিধি এবং উন্নয়ন বিষয়গুলিকে জাতীয় পরিকল্পনা ও নীতিতে একীভূত করা। যুব প্রশিক্ষণ কেন্দ্রের জন্য দক্ষতা শিক্ষার প্রচার ও জাতীয় যুব প্ল্যাটফর্মকে শক্তিশালী করা।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ সচিব মিজ্ শরিফা খান এবং ইউএনএফপিএ-এর প্রতিনিধিত্বকারী কান্ট্রি রিপ্রেজেন্টেটেটিভ মি. ক্রিস্টিন ব্লকাস উপস্থিত ছিলেন।

প্রথম প্রকল্প: 'Accelerating Action to End Child Marriage in Bangladesh (Phase-II)' শীর্ষক প্রকল্পে জাতিসংঘ জনসংখ্যা তহবিল ইউএনএফপিএ ৯৯৭.৭৫ লাখ টাকা অনুদান হিসেবে প্রদান করবে এবং বাংলাদেশ সরকার ১.৯২ লাখ টাকা (ইনকাইন্ড) হিসেবে প্রদান করবে (সর্বমোট=৯৯৯.৬৮ লাখ টাকা)। প্রকল্পটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়িত হবে।

দ্বিতীয় প্রকল্প: 'Integrating Population Dynamics and Development Issues into National Plans and Policies'- শীর্ষক প্রকল্পে জাতিসংঘ জনসংখ্যা তহবিল ইউএনএফপিএ ৩০১.০০ লাখ টাকা অনুদান হিসেবে প্রদান করবে এবং বাংলাদেশ সরকার ২৫.০০ লাখ টাকা (ইনকাইন্ড) হিসেবে প্রদান করবে (সর্বমোট= ৩২৬.০০ লাখ টাকা)। প্রকল্পটি পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের অধীনে বাস্তবায়িত হবে।

তৃতীয় প্রকল্প: 'Life Skills Education in Youth Training Centers and Strengthening of National Youth Platform' শীর্ষক প্রকল্পে জাতিসংঘ জনসংখ্যা তহবিল ইউএনএফপিএ ৩৭৪.০০ লাখ টাকা অনুদান হিসেবে প্রদান করবে এবং বাংলাদেশ সরকার ৪২১.০০ লাখ টাকা (ইনকাইন্ড) হিসেবে প্রদান করবে (সর্বমোট= ৭৯৫.০০ লাখ টাকা)। প্রকল্পটি যুব উন্নয়ন অধিদপ্তরের অধীনে বাস্তবায়িত হবে।

প্রকল্পগুলো বাল্যবিবাহ ও যুব শিক্ষার মতো সামাজিক সমস্যা মোকাবেলায় অবদান রাখর মাধ্যমে বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে ভূমিকা পালন করবে। জনসংখ্যার গতিশীলতা এবং উন্নয়নের সমস্যাগুলো জাতীয় পরিকল্পনা এবং নীতিগুলো একীভূত করতে সাহায্য করবে। বাংলাদেশ সরকার এবং ইউএনএফপিএ টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জন এবং বাংলাদেশের জনগণের জীবনযাত্রার উন্নতির লক্ষ্যে একসংগে কাজ করার প্রতিশ্রুতি পুর্নব্যক্ত করে।

16.4.23

মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯১৮০৯০৮